নয়াদিগন্ত
৯-১২-২০২৫

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/৫/১৭৯ তারিখ: ০৮ ডিসেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ 'আয়েশা সিদ্দিকা' হলের জন্য ইলেকট্রিশিয়ানের ০১(এক)টি পদে এবং রেজিস্ট্রার দপ্তরের জন্য 'সিনিয়র গার্ড এর ০২(দুই)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**বেতন স্কেল :**

ইলেকট্রিশিয়ান : ৯৩০০-২২৪৯০/= (গ্রেড : ১৬)
সিনিয়র গার্ড : ৯০০০-২১৮০০/= (গ্রেড : ১৭)
আবেদনের শেষ তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৫

**আবেদনের প্রক্রিয়া**

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) ইলেকট্রিশিয়ান পদের জন্য ২০০/=(দুইশত) এবং সিনিয়র গার্ড পদের জন্য ১০০/= (একশত) টাকা নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতীত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

**যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্তঃ**

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.ed এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

**(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)**
রেজিস্ট্রার
পিসি-৩১৪০/২৫ (৭" x ৩)

CamScanner

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/ ৫/১৭৯ তারিখঃ ০৮ ডিসেম্বর, ২০২৫

## আয়েশা সিদ্দিকা হলের জন্য

## ইলেকট্রিশিয়ান পদে যোগ্যতা ও অভিজ্ঞতা

৮ম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়সঃ সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

## রেজিস্ট্রার দপ্তরের জন্য

## সিনিয়র গার্ড পদে যোগ্যতা ও অভিজ্ঞতা

এসএসসি/ সমমান + ৫ বছরের, এইচএসসি/সমমান + ৪ বছরের এবং ৮ম শ্রেণী পাশ + বর্তমান পদে ০৮ বছরের বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা।

বয়সঃ সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৮.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

৮/১২/২৫

CamScanner